# আন্তঃস্কুল বাংলা অলিম্পিয়াড

## Inter-School Bangla Olympiad

2020, 2021 and 2022



আয়োজক

ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ

@ info@banglaolympiad.org  banglaolympiad

More Rewards · Supreme Features
Contactless · Secured

# VISA Signature Credit Card

THE
RIGHT CARD
WHEREVER
YOU GO




Trust Bank
A Bank for Financial Inclusion

16201
cards@tblbd.com
TrustBankLtdBD

www.tblbd.com

ফেব্রুয়ারির একুশ তারিখ
দুপুর বেলার অজ্ঞ
বৃষ্টি নামে, বৃষ্টি কোথায় ?
বরকতের রক্ত।

হাজার যুগের সূর্যতাপে
জ্বলবে এমন লাল যে,
সেই লোহিতেই লাল হয়েছে
কৃষ্ণচূড়ার ডাল যে !

প্রভাতফেরীর মিছিল যাবে
ছড়াও ফুলের বন্যা
বিষাদগীতি গাইছে পথে
তিতুমীরের কন্যা।

চিনতে না কি সোনার ছেলে
ক্ষুদিরামকে চিনতে ?
র"দ্ধশ্বাসে প্রাণ দিলো যে
মুক্ত বাতাস কিনতে ?

পাহাড়তলীর মরণ চূড়ায়
ঝাঁপ দিল যে অগ্নি,
ফেব্রুয়ারির শোকের বসন
পরলো তারই ভগ্নী।

প্রভাতফেরী, প্রভাতফেরী
আমায় নেবে সঙ্গে,
বাংলা আমার বচন, আমি
জন্মেছি এই বঙ্গে।

– আল মাহমুদ

*We thank our sponsors*
*for their contribution*

## Sponsors:



Youth Engagement Partner: The Daily Star

Media Partners:

info@banglaolympiad.org
banglaolympiad

# Brief Introduction of
# Inter-School Bangla Olympiad

Since 2011, International Hope School Bangladesh has been annually organizing Bangla Olympiad to pay homage to the martyrs and soldiers of 1952 Language Movement by celebrating International Mother Language Day.

The 9th Intern-School Bangla Olympiad was held both in Dhaka and Chattogram on 22nd & 29th February respectively. Across the country, around 102 English medium schools joined to display the talents of their overall 2100 students in the categories of Recitation, Essay Writing, Drawing, Music, Dance, and Quiz.
The prize giving ceremony for 9th Bangla Olympiad was held on 29th February, 2020. As a chief guest, Vice Chancellor of Bangabandhu Sheikh Mujibur Rahman Digital University professor Munaj Ahmed Noor offered his warm presence to the program, where the chairman of IHSB gave his wonderful speech.

The virtual closing and prize giving ceremony of 10th Inter-School Bangla Olympiad was held on 28th February, 2021. The exciting participation came out from 99 branches of 60 schools across the country. Around 1000 students joined the competition of Recitation, Painting, Music, Dance, and Presentation Speech.

The 10th Bangla Olympiad marked 26th February, 2021 as the prize giving ceremony with a wonderful presence of the chief guest Muhammad Samad, Pro-Vice Chancellor (Administration), University of Dhaka. The Principal of IHSB Roksana Zarin made promising speeches in the ceremony.

The virtual closing and prize giving ceremony of 11th Inter-School Bangla Olympiad was held on 26th February, 2022. Around 1100 brilliant young minds from 120 branches of 100 schools across the country participated in the competition of multiple categories of Recitation, Painting, Music, Dance, and Presentation Speech

With a lovely presence of the chief guest Dr. Soumitra Sekhar Dey, Vice Chancellor of Jatia Kabi Kazi Nazrul Islam University, the prize giving ceremony for 11th Bangla Olympiad was held successfully. Speeches from the chairman of IHSB Abdilaziz Zhokdoshov and the principal of IHSB Roksana Zarin made the ceremony quite inspiring.
The competition takes place successfully every year with the spontaneous participation of schools and their students.
We will happily continue this effort in the years to come.

১৯৫২ সালের ভাষাশহীদ ও ভাষাসৈনিকদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন উপলক্ষে ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ ২০১১ সাল থেকে প্রতি বছর বাংলা অলিম্পিয়াডের আয়োজন করে আসছে।

৯ম আন্তঃস্কুল বাংলা অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে ২২ ফেব্রুয়ারি চট্টগ্রাম ও ২৯ ফেব্রুয়ারি, ২০২০ইং ঢাকাতে। এতে দেশের প্রায় ১০২ টি ইংরেজি মাধ্যম স্কুল অংশগ্রহণ করেছে। আবৃত্তি, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন, সঙ্গীত, নৃত্য ও উপস্থিত বক্তৃতা, কুইজ-এই ৭ টি বিভাগে প্রায় ২১০০ শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

৯ম বাংলা অলিম্পিয়াডের পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয় ২৯ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে। প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড. মুনাজ আহমেদ নূর, উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়। এছাড়াও বক্তব্য দেন সৈয়দ হাসান ইমাম, ভাষাসৈনিক, অভিনেতা, আবৃত্তিকার ও সেনাপ্রধানের সহধর্মিণী নিলশাদ নাহার আজিজ প্রমুখ।

১০ম আন্তঃস্কুল বাংলা অলিম্পিয়াড এর ভার্চুয়াল সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৭ ফেব্রুয়ারি, ২০২১ ইং তারিখে অনুষ্ঠিত হয়। এতে দেশের ৭০ টি স্কুলের ৯৯ শাখা অংশগ্রহণ করেছে। আবৃত্তি, চিত্রাঙ্কণ, সঙ্গীত, নৃত্য ও উপস্থিত বক্তৃতা এই ৫ টি বিভাগে প্রায় ১০০০ শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

১০ম বাংলা অলিম্পিয়াডের পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয় ২৭ ফেব্রুয়ারি, ২০২১ তারিখে। প্রধান অতিথি ছিলেন প্রফেসর ড. মুহাম্মদ সামাদ, প্রো-উপাচার্য (প্রশাসন), ঢাকা বিশ্ববিদ্যালয়। এছাড়াও বক্তব্য দেন স্কুলের অধ্যক্ষ রোকসানা জেবিন।

একাদশ আন্তঃস্কুল বাংলা অলিম্পিয়াড এর ভার্চুয়াল সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান ২৬ ফেব্রুয়ারি, ২০২২ইং তারিখে অনুষ্ঠিত হয়। এতে দেশের ১০০ টি স্কুলের ১২০ টি শাখা অংশগ্রহণ করেছে। আবৃত্তি, চিত্রাঙ্কণ, সঙ্গীত, নৃত্য ও উপস্থিত বক্তৃতা এই ৫ টি বিভাগে প্রায় ১১০০ শিক্ষার্থী প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছে।

একাদশ বাংলা অলিম্পিয়াডের পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয় ২৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখে। প্রধান অতিথি ছিলেন ড. সৌমিত্র শেখর, ভাইস চ্যান্সেলর, জাতীয় কবি কাজী নজরুল বিশ্ববিদ্যালয়, বিশেষ অতিথি ছিলেন বিশিষ্ট নৃত্যশিল্পী লায়লা হাসান। এছাড়াও বক্তব্য দেন স্কুলের চেয়ারম্যান আবদিল আজিজ জলদশভ, অধ্যক্ষ রোকসানা জারিন।

স্কুলসমূহ ও তাদের শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে এ প্রতিযোগিতা প্রতি বছর সফলভাবে অনুষ্ঠিত হচ্ছে।

ভবিষ্যৎ বছরগুলোতেও আমাদের এই প্রয়াস অব্যাহত থাকবে।



ম
আন্তঃস্কুল
বাংলা অলিম্পিয়াড

# প্রধান অতিথির ভাষণ

প্রফেসর ড. মুনাজ আহমেদ নূর
উপাচার্য
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়

৯ম আন্তঃস্কুল বাংলা অলিম্পিয়াড এর পুরস্কার বিতরণী অনুষ্ঠানের বিশেষ অতিথি শ্রদ্ধেয় সৈয়দ হাসান ইমাম স্যার, লায়লা হাসান ম্যাডাম এবং বাংলাদেশ সেনাবাহিনী প্রধানের সহধর্মিণী দিলশাদ নাহার আজিজ, স্কুল অধ্যক্ষ রোকসানা জারিন, অলিম্পিয়াড কো-অর্ডিনেটর কামরুল আহসান, উপস্থিত অভিভাবকবৃন্দ, এই স্কুল এবং বিভিন্ন স্কুল থেকে আগত অধ্যক্ষবৃন্দ ও সম্মানিত শিক্ষকবৃন্দ এবং এই অনুষ্ঠানের যারা মধ্যমণি, আমার প্রিয় ছাত্রছাত্রীবৃন্দ, আসসালামু আলাইকুম।

ভাষার মাস, তাই ভাষাশহিদদের প্রতি শ্রদ্ধা না জানালেই নয় এবং সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানকেও সেই সাথে স্মরণ করছি। ৫২'র ভাষা আন্দোলন থেকে শুরুর করে আমাদের মুক্তিযুদ্ধে যিনি নেতৃত্ব দিয়েছেন, ভাষা আন্দোলনে প্রথম উনি গ্রেফতার হয়েছিলেন এবং জেল থেকে ভাষা আন্দোলনের নেতৃত্ব দিচ্ছিলেন। সেই ৫২ না এলে আসলে বাংলাদেশ আমাদের জাতির পিতার নেতৃত্বে স্বাধীন হতো কিনা, হয়তো হতো কিন্তু কিছুটা সময় লাগতো, পাকিস্তানিরা এটা আমাদের জন্য অনেক সহজ করে দিয়েছে। ৫২-৬২ আমাদের শিক্ষা আন্দোলন, ৬৬'র ৬ দফা, ৬৯'র গণঅভ্যুত্থান , ৭ মার্চ এর ভাষণ, ২৩ মার্চ জাতীয় পতাকা উত্তোলন, ২৬ মার্চ স্বাধীনতার ঘোষণা এবং ৭১ এর ১৬ ডিসেম্বর আমাদের বিজয় দিবস সব কিছুকে স্মরণ করে আমি আপনাদের সামনে কিছু কথা বলব।

আমাকে যখন কোথাও যেতে বলা হয়, আমি প্রথমেই না-ও বলি না, হাঁ-ও বলি না, উনারাও যখন আমাকে বলেছেন আমি বলেছি তিনদিন পর জানাব। কোথাও যাওয়ার আগে আমি একটু রিসার্চ করে নিই, কোথায় যাচ্ছি, কারা কারা আগে ওখানে গিয়েছেন, কবে থেকে অনুষ্ঠানটা হচ্ছে, এগুলো অনেক কিছু বিচার বিবেচনা করে আমি যাই। আমি জিজ্ঞেস করেছিলাম, এখানে প্রধান অতিথি কারা থাকবেন, কে থাকবেন, আমার আরও জিজ্ঞাসা করা উচিত ছিল, আরও কেউ বিশেষ অতিথি থাকবেন কিনা, যদি জানতাম যে, এখানে আমাদের শ্রদ্ধেয় সৈয়দ হাসান ইমাম স্যার থাকবেন এবং লায়লা হাসান ম্যাডাম থাকবেন, তাহলে আমি কখনোই বিশেষ অতিথি হতে রাজি হতাম না। উনাদের মতো ব্যক্তিত্বের সামনে বিশেষ অতিথি হওয়া এটা একটা বেয়াদবি মাত্র। আমাদের হাসান ইমাম স্যার ২১শে পদক প্রাপ্ত একজন মানুষ, স্বাধীনতা পদক প্রাপ্ত একজন মানুষ, বাংলাদেশের চলচ্চিত্রের ইতিহাসের আজীবন সম্মাননা পাওয়া মানুষ শুধু তিনটা বিশেষ দিক বললাম, যে একুশে পদক এবং স্বাধীনতা পদক পাওয়া হবে না আমার কখনোই। এটা শুধু স্বপ্ন, শুধু দেখতে পারি, সেরকম মানুষ সামনে বসে আছেন। আমাদের লায়লা হাসান ম্যাডাম উনিও একজন একুশে পদক প্রাপ্ত মানুষ। উনাদের কথা যদি বলতে হয়। আজকের বাংলাদেশের সাংস্কৃতিক আন্দোলন, জনতার মঞ্চ, গণজাগরণ মঞ্চ, যুদ্ধাপরাধীদের বিচার, আজকের যে গণতন্ত্র আমরা ভোগ করছি, উনাদের অবদান চিরস্মরণীয় হয়ে থাকবে। স্যার, আপনাদের প্রতি আমরা বিশেষভাবে কৃতজ্ঞ। এখানে আরেকজন মানুষ বসে আছেন সৈয়দ মারগুব মোর্শেদ, আপনারা হয়তো অনেকেই চেনেন, হয়তো চেনেন না, উনি বাংলাদেশ সরকারের একজন উচ্চপদে আসীন ব্যক্তি ছিলেন, উনি বিটিআরসির চেয়ারম্যান হিসেবে অবসরপ্রাপ্ত হয়েছেন, তার থেকে বড় কথা, তার বাবা সৈয়দ মাহবুব মোর্শেদ, তিনি এই বাংলাদেশের প্রধান বিচারপতি ছিলেন। এরকম অনেক গুণীজন আমার সামনে আছেন। যাই হোক, আমি প্রথমেই অভিনন্দন জানাচ্ছি, যারা আজকে পুরস্কার পেল আর যারা পায়নি তাদের সবাইকেই, অসাধারণ, অভূতপূর্ব, যা ভাষায় প্রকাশ করা যায় না, আমি অনেকটা কিংকর্তব্যবিমূঢ়। এত সুন্দর পারফর্মেন্স দেখব আমি ভাবিনি বলা ঠিক হবে না, ভেবেছিলাম, কিন্তু আমার ভাবনারও বাইরে চলে গেছে! সেজন্য সবাইকে এবং তাদের অভিভাবকদেরকে আবারও অভিনন্দন জানাচ্ছি। একটা জিনিস শুধু আমি ছাত্রছাত্রীদের উদ্দেশ্যে বলতে চাই, শুধু পড়াশোনার মধ্যে থাকলে হবে না। পাঠ্যক্রম বহির্ভূত কার্যক্রম যদি তুমি করো তাহলে ভবিষ্যতের একজন পরিপূর্ণ মানুষ হিসেবে তুমি গড়ে উঠতে পারবে। পৃথিবীতে যে কটা দেশ আজ উন্নত, তারা প্রত্যেকে নিজের মায়ের ভাষায় পড়েই উন্নত। সেটা জার্মানি, সেটা জাপান যেটাই হোক, কমপক্ষে তিনটি ভাষা শিখতে হবে।

ইতিহাস জানতে হবে, যেখানেই আমি যাই না কেন ইতিহাস জানতে হবে। আজকের পৃথিবী কেন কোন কারণে এমন, তা বুঝতে হলে ইতিহাস জানতে হবে। তেমনই আমি যে বাংলাদেশে থাকি, বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপট যদি আমাকে ধারণ করতে হয় তাহলে এই বাঙালি জাতি এবং বাঙালির ইতিহাস আমাদেরকে জানতে হবে। তাহলে আমি জানব, কোন জায়গায় আমার অবস্থান নিতে হবে এবং কোন জায়গায় আমি আমার শ্রম ব্যয় করব। ইতিহাস যে জানে না, সে বর্তমানকে বিশেষ্যষণ করতে জানে না, যে বর্তমানকে বিশেষ্যষণ করতে জানে না, সে ভবিষ্যত গড়তে জানে না। তাই সবার প্রতি ইতিহাস জানার আহ্বান রেখে এবং আবারও আমাদের জাতির পিতার প্রতি শ্রদ্ধা রেখে, সম্মান জানিয়ে আমার বক্তব্য শেষ করছি, সবাইকে ধন্যবাদ। জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, বাংলাদেশ চিরজীবী হোক।





# প্রধান অতিথির ভাষণ

এম এ মালেক
সম্পাদক, দৈনিক আজাদী

প্রথমে আমি শ্রদ্ধা জানাচ্ছি, ২১শে ফেব্রুয়ারি মাতৃভাষার জন্য যারা জীবন দিয়েছেন এবং সেই সঙ্গে আমি স্মরণ করি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। যার জন্ম না হলে বাংলাদেশ পেতাম না, আমরা বাংলায় কথা বলতে পারতাম না। আমি আরো গৌরবান্বিত, আমার বাবা সেই ভাষা আন্দোলনের জন্য যে প্রথম কবিতাটি ছাপা হয়েছিল তিনি সেটি ছেপে দিয়েছিলেন। সে জন্য তিনি রাষ্ট্রদ্রোহিতার মামলায় পড়েছিলেন কিন্তু আমার এক আত্মীয় এই দায় তার নিজের কাঁধে তুলে নেয়াতে আমার বাবাকে জেলে যেতে হয়নি, কিন্তু তিনি সেদিন প্রমাণ করেছেন যে, আমরা বাঙালিরা মাথা নত করি না। আমার বাবাও করেন নি কারণ তিনি বাংলাকে ভালবাসতেন, বাংলা ভাষাকে তিনি ভালবাসতেন।

আজকে বারবার করে যখন আমার নাম বলা হয়েছে, তখন একটি করে কথা বারবার বলা হয়েছে, আমি একটি সংবাদপত্রের সঙ্গে জড়িত, দৈনিক আজাদী। এটা প্রথম প্রকাশিত হয়েছিল ১৯৬০ সালে এবং ১৭ ডিসেম্বর বাংলাদেশের প্রথম কাগজ হিসেবে দৈনিক আজাদী প্রকাশিত হয়েছিল। আমাকে অনেকে জিজ্ঞেস করে, আপনারা কিভাবে ১৭ তারিখ কাগজ বের করলেন? আমি বলি ভাই, এটা তো খুবই সহজ কথা! সেই ব্রিটিশ বিরোধী আন্দোলন থেকে যত আন্দোলন, সকল আন্দোলনের প্রথম সূতিকাগার এই চট্টগ্রাম এবং স্বাধীনতার ঘোষণাও তো এই চট্টগ্রাম থেকে হয়েছিল। সুতরাং প্রথম কাগজটা চট্টগ্রাম থেকে বের হওয়াটাই স্বাভাবিক!
আজকের অনুষ্ঠানটা ছাত্রদের নিয়ে। আমরা এতক্ষণ ধরে যে সুন্দর সুন্দর নাচ, গান এবং কবিতা আবৃত্তি দেখছিলাম এবং যারা এখানে মঞ্চে এসে আমাদেরকে তা দেখিয়েছো, শুনিয়েছো, এত জানও নেমেছে তা আর বলার মতো নয়। তোমাদের সকলকে আমি অন্তর থেকে ধন্যবাদ জানাচ্ছি।

আমি আরেকটু বলতে চাই, হোপ শব্দটা হচ্ছে আশা। আশার অপর নাম স্বপ্ন। আমি যেটা আশা করি, সেটা আমি স্বপ্নের মধ্যেও দেখি। এ পি জে আব্দুল কালাম এটা সুন্দর কথা বলেছেন। আমরা যে স্বপ্নটা ঘুমের মাঝে দেখি, সেটা কিন্তু স্বপ্ন নয়, স্বপ্ন আমাদের নিজেকে প্রতিষ্ঠিত করার জন্য না ঘুমিয়ে, জেগে থেকে কষ্ট করে সেই স্বপ্নে পৌঁছার লক্ষ্যটাই হলো আমাদের স্বপ্ন। তোমাদের সকলেরই একটা স্বপ্ন থাকা উচিত। তবে সব স্বপ্ন যে সফল হবে, তা নয়, কিন্তু চেষ্টা থাকতে হবে। আমি কিছুদিন আগে বিনেত গিয়েছিলাম, সেখানে আমাকে একটা ইন্টারভিউ করা হয়েছিল বিবিসি বাংলা থেকে, আমার স্বপ্ন এবং আমার সংবাদপত্র সম্পর্কে তারা জানতে চেয়েছিল। আমি বলেছিলাম, আমি আমার স্বপ্ন ছুঁয়ে ফেলেছি! আমার বাবার স্বপ্ন ছিল দৈনিক আজাদীকে চট্টগ্রামের মুখপত্র হিসেবে গড়ে তোলা। আমি তার স্বপ্নকেই আমার স্বপ্ন করেছি যে এই পত্রিকাকে আমার চট্টগ্রামবাসীর কাছে পৌঁছাতে হবে। যাতে করে আমাদের পত্রিকার মাধ্যমে চট্টগ্রামবাসীর সুখ দুঃখ প্রকাশ করে তাঁর স্বপ্ন বাস্তবায়ন করতে পারি। আমার মনে হয়, আমরা সেটা পেরেছি। আমাকে আবার জিজ্ঞেস করা হলো, আমি কি পেরেছি? চট্টগ্রামের সবচেয়ে প্রকাশসংখ্যা বেশি, পাঠকসংখ্যা বেশি দৈনিক আজাদীর।
ছাত্রদের জন্য একটি কথা বলি, তোমরা সকলে বই পড়বে। একটি বই একটি বন্ধুর সমান। একজন ভালো বন্ধু একটি লাইব্রেরির সমান। পৃথিবীতে অনেক মানুষ আছে, কিন্তু মানুষের মতো মানুষ নেই। কয়জন মানুষ আছে যারা, মানুষের কথা ভাবেন, অন্যের জন্য করেন। অন্যের মুখে হাসি ফোটানোর জন্য কাজ করে যাও। সময় নষ্ট করো না। একবার যে সময় চলে গেছে, সে সময় আর ফিরে আসবে না।

তোমাদের জন্য আরেকটু বলি, সকলে বলে তোমরা আমাদের ভবিষ্যৎ, কিন্তু আমি বলি তোমরা আমাদের বর্তমান। গতকাল যেটা, সেটা তো গত হয়ে গেছে, আগামীতে কি হবে তা আমরা কিছুই জানি না, কিন্তু আজকে আমি কি, সেটা আমি জানি। সুতরাং আজকের আমি কি তা যদি সঠিকভাবে নির্ধারণ করে আমি চলতে পারি, তাহলে আমার যে ভবিষ্যতের স্বপ্ন, যে কথাটা একটু আগে বলেছিলাম, সেটাতে আমি সফল হতে পারব।

তোমরা জীবনে সুখী হও, তোমাদের জীবনে যে স্বপ্ন সেটা যাতে তোমরা পূরণ করতে পারো এই শুভ কামনা করে, হোপ ফুলের যারা আমাকে এখানে এনেছেন তাদের কাছে কৃতজ্ঞতা প্রকাশ করি, আমার আগে যারা বক্তৃতা দিয়েছেন তারা সকলে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কিন্তু আমার কখনো কলেজ পেরিয়ে বিশ্ববিদ্যালয়ে যাওয়ার সৌভাগ্য হয়নি, ভবিষ্যতে যাওয়ার সম্ভাবনাও নেই! আমার বয়স আশি বছর। তবে এখানে এসে আমলে সত্যি অনেক ভালো লাগছে। আপনাদেরকে অসংখ্য ধন্যবাদ।



আন্তঃস্কুল
বাংলা অলিম্পিয়াড

# প্রধান অতিথির ভাষণ

প্রফেসর ড. মুহাম্মদ সামাদ
প্রো-ভাইস চ্যান্সেলর
ঢাকা বিশ্ববিদ্যালয়

ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ আয়োজিত বাংলা অলিম্পিয়াড দেখে আমি খুব মুগ্ধ হয়েছি। ইন্টারন্যাশনাল হোপ স্কুলের চেয়ারম্যান মিঃ ইয়াসার সাবরান, সম্মানিত অধ্যক্ষ- রোকসানা জেরিন আর আমাকে যে এর সাথে যুক্ত করেছে তার নাম মিজানুর রহমানের কল্যাণে আমি এই অনুষ্ঠানে যুক্ত হয়েছি, তাদের সবাইকে ধন্যবাদ জানাই।

আমার এই রকম একটা চিন্তা ছিল যে, আমরা ছোট বেলায় এরকম অনুষ্ঠানাদি করেছি অনেক ছোট থেকেই, এই রকম অনুষ্ঠান এখন আর হয় না। আমাদের সাংস্কৃতিক জগত এসব থেকে বিচ্ছিন্ন হয়ে যাচ্ছে। এত অপরাধ, এত খুন, এত নারী নির্যাতন, এইসব দেখে মনে হয় যে, সুকুমার বৃত্তি মানুষ বোধ হয় ভুলে গেছে।
এখানে আমাদের সর্বশেষ যে গানটা গাইল 'রূপ সাগরে ডুব দিয়েছি'। নারায়ণগঞ্জের নবজিৎ সাহার এই গানটা দেখলাম আমি এতক্ষণ, সেখানে রবীন্দ্রনাথের নাম নেই। একটা মানুষকে ভুলিয়ে দেওয়া এই সমস্ত বিষয় আমাদের লক্ষ রাখা উচিত। আমি যেটা বলব, সেটা হচ্ছে যে, বাংলা অলিম্পিয়াডের এই রকম একটা সুন্দর আয়োজন যে ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ করেছে আমি তাদেরকে অভিনন্দন জানাই, ধন্যবাদ জানাই এবং কৃতজ্ঞতা জানাই।

কারণ আমাদের একটা সাধারণ ধারণা ইংরেজি স্কুলগুলোতে হয়ত বাংলা চর্চা হয় না। কিন্তু সেখানে আবৃত্তি, সেন্টুভাইয়ের কবিতা, আবু জাফর ওবায়দুল্লাহর কবিতা আবৃত্তি করল যে ছেলেটি, আমার চোখে জল এসে গেছে। একটি অসাধারণ আবৃত্তি করেছে। সাঁওতালদের ভাষা উচ্চারণ করেছে ছেলে-মেয়েরা খুব সুন্দর ভাবে। একজন "পাখি ২১শে ফেব্রুয়ারী" এটা আবৃত্তি করল। তার কণ্ঠের মধ্যে দুটি কণ্ঠস্বর সে রপ্ত করেছে। একটা বাচ্চার আর একটা মায়ের, এই রকম যে মানুষ যে কঠিন চর্চার মধ্যদিয়ে এই ভাবে আবৃত্তি করবে- আমার এটা ভাবনার বাইরে ছিল। আর আবৃত্তিশিল্পে আমাদের দেশে আসলে মাহি (মাহিদুল ইসলাম) এবং শিমুল (শিমুল মুস্তাফা) তারপর হাসান আরিফ, রূপা এরা আবৃত্তিশিল্পকে অনেক সমৃদ্ধ করেছে। এবং সারা দেশে শুদ্ধ উচ্চারণ শিখিয়ে দিয়েছে। আমরা ময়মনসিংহ অঞ্চলের মানুষ, আমি প্রায় সময় চোর কে বলি চুর, চোখ কে বলি চুখ। এই যে এই শহরে এসেছি ১৯৭৬ সালে ফার্স্ট ইয়ারে তো সেই থেকে উচ্চারণ ভুলই ছিল, আবার আস্তে আস্তে কোনো জায়গায় অপমানে কোনো জায়গায় শিখতে গিয়ে আরও ভুল উচ্চারণ করে আমরা এখানে এসেছি।

এখনকার দিনে যারা কথা বলে, উচ্চারণ করে সুন্দরভাবে ইংরেজি বাংলা সব এবং এই উচ্চারণ নিয়ে কবিতা লিখেছি, কবিতা পড়েছি। মার্কিন যুক্তরাষ্ট্রে দুইবার ভিজিটিং প্রফেসর ছিলাম। পড়িয়েছি আমেরিকান ছেলে-মেয়েদের। এইসব করতে করতে আমার শেখা। কিন্তু আজকে অত্যন্ত কম বয়সে বা শিশু বয়সেই এইসব শিখতে পারে এবং এ প্রতিযোগিতার মধ্য দিয়ে সেগুলি প্রতিফলিত হচ্ছে।

আজকে যে মাতৃভাষায় অলিম্পিয়াড হচ্ছে, প্রতিযোগিতা হচ্ছে- এর শুরু এবং এই ভাষার উপর যখন আঘাত আসে তারপর কিন্তু ভাষা আন্দোলন হয়। সেই ভাষা আন্দোলন কেন হয়? এই দেশের অর্থ নিচ্ছে, বিত্ত নিচ্ছে, এই রকম নিবে, আবার শোষণ করবে আমরা কখনো ভাবিনি। এই ১৯৪৭ সাল পর্যন্ত পাকিস্তান আন্দোলনে তরুণ নেতা ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এবং পশ্চিমবঙ্গে সেই কলকাতায় যে ভয়াবহ দাঙ্গা রায়ট হয়, সেই রায়টে কী পরিমাণ মানুষকে হত্যা করা হয়। আমাদের মুসলমান মেয়েরা, হিন্দু-মুসলমান দাঙ্গায় মুসলমান মেয়েরা বেকার হয়ে চলে আসে এবং যারা যারা পড়ত তারা বিভিন্ন জায়গা থেকে লোকজনকে রক্ষা করতে গিয়ে বঙ্গবন্ধু তাদের নিয়ে আসেন। তারপর তাদের থাকারসহ নানা রকমের সমস্যার কথা জানলাম। আমি যেটা বলব, ভাষা আন্দোলনের শুরু, সে সম্পর্কে আমাদের ছেলে-মেয়েরা যেটা জানে না, ভাষা আন্দোলনের শুরু আসলে ১৯৪৮ সালে। ১৯৪৭ সালে ৬ এবং ৭ সেপ্টেম্বর গণতান্ত্রিক যুবলীগের সম্মেলনে প্রথম উচ্চারিত হয় যে, পূর্ব বাংলার দেখার এবং আইন আদালতের ভাষা হবে বাংলা। তারপর আন্দোলন শুরু করেন বঙ্গবন্ধুর নেতৃত্বে ১৯৪৮ সালে। এবং ১৯৪৮ সালে ৪ জানুয়ারি বাংলাদেশ ছাত্রলীগ গঠিত হয় ফজলুল হক হলে, ছাত্রলীগই মূল ভূমিকা পালন করে ১৯৪৮ সালের ভাষা আন্দোলনের প্রথম পর্বে। এটি আসলে মূল পর্ব হিসেবে ছিল। পরে ১৯৫২ এর ভাষা আন্দোলনের পরিণতি, সেই সময় যারা দেশে ১১ মার্চ একটি হরতাল হয় এবং সেই হরতালে বঙ্গবন্ধু প্রথম ছোট বেলায় একবার গ্রেফতার হয়েছিল। বহু মানুষ আহত হয় সেই দিন। কিন্তু কেউ মৃত্যুবরণ করেনি বা নিহত হয়নি। সেই থেকে ১১ মার্চ ভাষা দিবস হিসেবে পালিত হয়েছে ১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারির আগের দিন পর্যন্ত, এটাই ছিল ভাষা দিবস।



১১শ আন্তঃস্কুল বাংলা অলিম্পিয়াড

# প্রধান অতিথির ভাষণ

ড. সৌমিত্র শেখর
উপাচার্য
জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

বাংলা ভাষার জন্য আমাদের যে আগ্রহ, এই আগ্রহ সব শ্রেণীর মাঝে ছড়িয়ে দেওয়ার প্রত্যয়ে, বিশেষ করে ইংরেজি মাধ্যমে যারা পাঠ গ্রহণ করে তাদের মধ্যে বাংলার প্রতি আরও আগ্রহ সৃষ্টি করবার যে প্রতিযোগিতা, এই প্রতিযোগিতায় যুক্ত হতে পেরে আমি খুবই আনন্দিত। এর আগে আমি যুক্ত ছিলাম সরাসরি। খুব ভাল লাগত কিন্তু এবার কোভিড ১৯ এর কারণে সরাসরি হলো না। কিন্তু ভার্চুয়ালি আমি যা পেয়েছি, এ প্রতিযোগিতায় তাদের প্রতিযোগ আমাকে বিস্মিত করেছে।

আমি এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী প্রত্যেকটি ছাত্র/ছাত্রীর সাফল্য কামনা করি এবং আমাকে যারা তাদের এই অংশ গ্রহণের মধ্যদিয়ে আগ্রহী করে তুলেছে, উদ্বেলিত করে তুলেছে, তাদের জন্য আমার অনেক অনেক আশীর্বাদ। আমি এই প্রতিযোগিতার সাফল্য কামনা করি এবং কর্তৃপক্ষকে আমার আন্তরিক ধন্যবাদ জানাই।



# বিশেষ অতিথির ভাষণ

দিলশাদ নাহার আজিজ
সেনাবাহিনীপ্রধানের সহধর্মিণী

বিসমিল্লাহির রাহমানির রাহিম,

ঊপস্থিত প্রফেসর ড. মুনাজ আহমেদ নূর, ঊপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়, চেয়ারম্যান ও অধ্যক্ষ ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, ঊপস্থিত অন্যান্য সকল ব্যক্তিবর্গ এবং আমার প্রিয় ছাত্র–ছাত্রীবৃন্দ, আসসালামু আলাইকুম। শুভ সন্ধ্যা।

মুজিব বর্ষে আয়োজিত এই অনুষ্ঠানের শুরুতেই আমি স্মরণ করছি হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। মোট ১১৯ টি ইংলিশ মিডিয়াম ও ইংলিশ ভার্শন স্কুলের ২০০০ ছাত্রছাত্রীর অংশগ্রহণে আয়োজিত বাংলা ভাষা বিষয়ক এই প্রতিযোগিতায় ঊপস্থিত হতে পেরে আমি অত্যন্ত আনন্দিত ও গর্বিত। আমি নিশ্চিত যে, আজকের অনুষ্ঠানে শিক্ষার্থীদের বাংলায় দক্ষতা, বাংলা গানে ও নাচে তাদের প্রতিভা ঊপস্থিত সকলকে আনন্দিত ও মুগ্ধ করেছে। অনেক ত্যাগ ও তিতিক্ষার বিনিময়ে আমরা আমাদের প্রাণের ভাষা বাংলাকে মাতৃভাষা হিসেবে পেয়েছি। এই ধরনের প্রতিযোগিতা ইংলিশ মিডিয়াম ও ইংলিশ ভার্শন স্কুলের ছাত্রছাত্রীদের মাঝে বাংলা সাহিত্য ও সংস্কৃতির চর্চাকে নিঃসন্দেহে আরও বেগবান করবে। আমি আশা করি, দিন দিন এই অলিম্পিয়াড আরও ঊন্নত ও বৈচিত্র্য মাত্র করবে, আরও বেশি সংখ্যক স্কুল থেকে শিক্ষার্থীরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে। মাতৃভাষা ও নিজস্ব সংস্কৃতির চর্চায় আমরা সকলে সচেষ্ট হবো এই আশাবাদ ব্যক্ত করছি। পরিশেষে আমি সকলের সুস্বাস্থ্য ও সমৃদ্ধি কামনা করছি, সকলে ভালো থাকবেন। আল্লাহ হাফেজ।



# বিশেষ অতিথির ভাষণ

ড. ইফতেখার উদ্দিন চৌধুরী
সাবেক উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

ইন্টারন্যাশনাল হোপ স্কুলের এই নবম বার্ষিক অলিম্পিয়াডের সম্মানিত সভাপতি, মাননীয় প্রধান অতিথি, বাংলাদেশের স্বাধীনতা পরবর্তী প্রথম সংবাদপত্রের সম্পাদক জনাব এম এ মান্নান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য বিশিষ্ট সমাজবিজ্ঞানী ডাঃ ফেরদৌস চৌধুরী, সাংবাদিক নেতা এবং কবি বাহির উদ্দিন শ্যামল এবং চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফ্যাকাল্টি অফ মেডিসিন এর ডীন ডাঃ মেহিম জাহাঙ্গীর, এবং অত্যন্ত শ্রদ্ধাভাজন মুক্তিযোদ্ধা কর্নেল আবাউদ্দিন বীরপ্রতীক। আমার সামনে উপস্থিত শিক্ষকবৃন্দ, অভিভাবকবৃন্দ এবং ছাত্রছাত্রী, সকলে আমার সালাম এবং শুভেচ্ছা গ্রহণ করুন।

স্কুল স্কুটুক আর না—ই স্কুটুক আজ বলছ, আপনারা সকলেই আমার ভাষনের শুভেচ্ছা গ্রহণ করুন। এই দিনটিকে উপলক্ষ করে আপনারা এই অনুষ্ঠানমালার আয়োজন করেছেন। গল্প বলা চলে না, তাও দুটি গল্পের অংশ দিয়ে আমার বক্তব্যটা শুরু করতে চাই। আমি যখন স্কুল ফিরত করেছে, ৬ দফা তখন দেয়া হয়েছে, আমার বাবা ব্রিটিশ গভর্মেন্টে তখন চাকরি করতেন। ব্রিটিশ আমলে রিটায়ার্ড করেন ১৯৪৬ এ রেংগুন থেকে এসে তিনি চট্টগ্রামে বসবাস শুরু করেন। বাবা একদিন জিজ্ঞেস করলেন "তোমরা কি জানো" আমরা কেন পাকিস্তান চেয়েছিলাম? আমরা কেন স্বাধীন হতে চেয়েছিলাম, যে স্বাধীনতাটা ছিল ধর্মভিত্তিক স্বাধীনতা। যে ভারত এবং পাকিস্তান নামের দুটি দেশ হবে দ্বিজাতিতত্ত্বের ভিত্তিতে। কেন চেয়েছিলেন, তখন তিনি রেংগুনের একটি ঘটনা বললেন, যেটা আমি পরে গান্ধী ছবিটা দেখে বিশ্বাস করলাম। ট্রেনের মধ্যে ইউরোপিয়ান থার্ড ক্লাস ছিল, অর্থাৎ তৃতীয় শ্রেণীর যোকজন সেই বগিতে যাবে কিন্তু ভারতের প্রথম শ্রেণীর যোকজন সেই বগিতে যেতে পারবে না, টাকা দিলেও পারবে না, সেখানে শুধু সাদারাই উঠতে পারবে। তখন এই অবস্থায় ব্রিটিশদের শোষণ থেকে আমাদের মুক্তি পাওয়া দরকার ছিল এবং যে কারণেই তারা স্বাধীনতা যুদ্ধ ঝাঁপিয়ে পড়েছিলেন এবং আরা ভারত এবং বাংলাদেশের অংশটা পাকিস্তান শোষণের দিনে যুদ্ধ করেছিল। আমাদের এখনকার নেতা এবং তখনকার নেতারা সবাই মুসলিম লীগ করতেন, সবাই এটাই চেয়েছিলেন। একটা স্বাধীনতা কিন্তু তাদের বুঝতে খুব বেশি দেরি হলো না যে কারনে একুশে ফেব্রুয়ারিতে বাঙালি চেতনার প্রশ্নটি আসছে। ১৯৪৮ এ তারা যের পেলেন তারা ক্ষুব্ধ করেছেন। ব্রিটিশের শোষণ, ব্রিটিশের অত্যাচার এবং শ্রেণীভেদাভেদ, পাকিস্তান নামক দেশ হওয়াতেও বাঙালিদের অবমূল্যায়ন করা হলো। অসন্তুষ্ট বাঙালি ফুঁসে উঠে, তাদেরকে রাষ্ট্রভাষা করতে না চাওয়া থেকেই শুরু বাঙালির আন্দোলন। আপনারা সকলে জানেন, ভারতবর্ষে খুব কম সংখ্যক লোক উর্দুতে কথা বলে, আর ভাষার ঐতিহ্যের কথা যদি বলি, তাহলে বাংলা ভাষার ঐতিহ্যের কথা আসে, কারন এশিয়ার মহাদেশে বাংলা ভাষার জন্য নোবেল পেয়েছেন প্রথম রবীন্দ্রনাথ ঠাকুর। এত ঐতিহ্যবান, সম্পদশালী যে ভাষাকে ডিঙিয়ে দেয় উর্দু, তাই রক্তস্নাত যে সংগ্রাম করল বাঙালিরা, বাংলার ভাষা আন্দোলন, আমাদের তখনো জন্মই হয়নি, কিন্তু আমাদের পূর্বপুরুষরা, পূর্বসূরীরা সেই লড়াই করেছিলেন ৫২ এর ভাষা আন্দোলনের মাধ্যমে। তারই ফলশ্রুতিতে আমরা স্বাধীন বাংলাদেশ পেয়েছি। ২১শের চেতনার কথা বলতে গেলে, বাঙালি চেতনার কথা বলতে গেলে আমাদের সেই শুরু থেকে আসতে হবে।

আমার বক্তব্য শেষ করার আগে ভাষা শহিদদের প্রতি শ্রদ্ধা জানাই, হাজার বছরের সর্বশ্রেষ্ঠ বাঙালি যিনি না হলে বাংলাদেশ স্বাধীন হতো না, তাকে শ্রদ্ধা জানাই। আমি একটা কথা প্রায়ই বলি, আমরা তো আসলে কখনো স্বাধীন ছিলাম না। এই ৫০ বছর ধরে আমরা স্বাধীন, এর আগে আমরা কখনোই স্বাধীন ছিলাম না। সবাই আমাদের শাসন করেছে, কেউ যেন কি বাঙালি ছিল? সিরাজউদ্দৌলা কি বাঙালি ছিল? ছিল না। আমরা কখনোও স্বাধীন ছিলাম না। প্রথম আমরা স্বাধীন মুক্ত বাতাসে নিঃশ্বাস নিচ্ছি। এই স্বাধীনতাটাকে রক্ষা করার দায়িত্ব এখানে যারা উপস্থিত আছে তাদের উপর বর্তায়। আপনাদের সকলকে ধন্যবাদ, আমাকে এখানে আমন্ত্রণ করার জন্য।



# বিশেষ অতিথির বাণী

সৈয়দ হাসান ইমাম
স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের শব্দসৈনিক, অভিনেতা, আবৃত্তিকার, পরিচালক
একুশে পদক এবং স্বাধীনতা পুরস্কারজয়ী

শুভ সন্ধ্যা। এমন একটা সন্ধ্যায় উপস্থিত থাকতে পেরে আমি নিজেকে খুব সমৃদ্ধ করার একটা সুযোগ পেলাম। আমি আমলে ইংরেজি মাধ্যমের বিরোধী এবং আমার সেই বিরোধিতার কারণ ছিল ইংরেজি মাধ্যমে যারা পড়াশোনা করেন তারা বাংলা শেখেন না। আমি ইংরেজির বিরুদ্ধে নই, কিন্তু বাংলাদেশের ইংরেজি মাধ্যমের বিরুদ্ধে। এখানে এসে আজকে যখন দেখছি যে, ইংরেজি মাধ্যমের ছেলেমেয়েরা এত সুন্দর গান গাইছে, এত সুন্দর বাংলা বলছে, এখানে যারা উপস্থাপনা করেছেন তারা তো আমাদেরই ছেলে, কিন্তু যারা বক্তব্য দিয়েছেন তারা ইংরেজি মাধ্যমে পড়াশোনা করছেন কিন্তু এত সুন্দর বাংলা বলছেন, তাতে আমার কিছুটা হলেও শান্তি হলো, কারণ আমাদের ভাষা আন্দোলন ও মুক্তিযুদ্ধ হয়েছিল কিন্তু একটি সাম্প্রদায়িক দেশ থেকে একটি অসাম্প্রদায়িক দেশ গড়ে তোলার জন্যে।

আমাদের মুক্তিযুদ্ধ হয়েছিল আমাদের মাতৃভাষাকে রক্ষা করার জন্য, বাঙালির সংস্কৃতি রক্ষা করার জন্য। সংস্কৃতি ও ভাষাভিত্তিক জাতীয়তাবাদের জন্য। কিন্তু আমরা হিটলারের জাতীয়তাবাদে বিশ্বাসী না। আমরা বিশ্বাসী রবীন্দ্রনাথের জাতীয়তাবাদে, যেজন্যে আমি মনে করেছিলাম যে, ইংরেজি মাধ্যমে যারা পড়াশোনা করছেন, যে মাধ্যমেই বা হোক কিন্তু নোবেল প্রাইজ পাওয়া যায়, রবীন্দ্রনাথ পেয়েছেন, অমর্ত্য সেন পেয়েছেন, ইউনুস পেয়েছেন, সবাই কিন্তু বাংলা মাধ্যমের ছাত্র, তো আজকে এখানে এসে কিছুটা শান্তি পেলাম যে অন্তত তারা মাতৃভাষাটা চর্চা করছে, পাকিস্তান আমলে এটা ছিল না।

আশ্চারনত যারা ইংরেজি মাধ্যমে পড়তেন, তারা ইংরেজি ভাষাটাকে তাদের মাতৃভাষা করে নেয়ার চেষ্টা করেছিলেন। মাইকেল মধুসূদন এটা শেষ বয়সে বুঝতে পেরেছিলেন, তিনি ইংরোপে চলে গিয়েছিলেন, ফ্রান্সে চলে গিয়েছিলেন, বিয়েও করেছিলেন, কবিতা লিখতে চেষ্টা করেছিলেন কিন্তু ব্যর্থ হয়ে ফিরে এসে আবার বাংলা মাকে জড়িয়ে ধরেছিলেন। আমরা যেজন্য মনে করি, মাতৃভাষা মাতৃভাষাই। আমার মা যদি সুন্দরী না-ও হয়, সে আমার কাছে বিশ্বসুন্দরী, আমার মা যদি দরিদ্র হয়, তবু আমার কাছে শ্রেষ্ঠ ধনী সে। যেজন্য আমি মনে করি, মাতৃভাষাকে প্রাধান্য দিচ্ছেন তারা। এটা দেখে আমার অনেক ভাল লাগল এবং ভবিষ্যতে সব ইংরেজি মাধ্যমের ছেলেমেয়েরা যারা বাঙালি, আমি অন্য কোনও ভাষাভাষীকে বলছি না, যারা বিদেশ থেকে এদেশে এসে পড়াশোনা করেছেন তাদের কথা বলছি না, বাংলাদেশি ছাত্রছাত্রীরা তারা যেন শুদ্ধভাবে, সুন্দরভাবে বাংলা বলতে পারে, শুধু ইংরেজিটা না।
ধন্যবাদ সবাইকে।



# বিশেষ অতিথির ভাষণ

**Colonel Abu Taher Mohammad Salauddin**
Bir Protik (Retired)
Brave Freedom Fighter

"A`udhu billahi minash-Shaitan nir-rajim, Bismillah-ir-Rahman-ir-Rahim"
I feel extremely elevated, it is a matter of great joy that the International Hope School Bangladesh Chattogram Branch has arranged the 9th Olympiad what a great matter and what a great success for this branch, I hope all of you will appreciate this. I remember in 2006 when your main branch the Uttara branch has sent two teachers Bahadir sir and Ismail sir to establish a branch in CTG at that time I happened to be the executive director of TK group of industries, that was way back in 2006.

What a great achievement that today I am here and I am observing the Bangla Olympiad where 26 English medium schools have participated and what a great success, I would like to congratulate the honorable chairman and the vice principal Mr. Moharram Sir and the honorable chief guest and honorable other chief guests and specially our former vice chancellor for giving extra-ordinary support to make this occasion a success. I happened to be a student of Fouzdar haat cadet college. I am very proud that my cadet college boys and the girl's cadet college have participated and they have achieved some awards. I hope all of you will pay particular attention to this school which is doing extra-ordinary achievements for our boys and girls and very recently Mr. Moharram sir has started 100% scholarship program for the students of class six who are talented but less privileged like the Uttara branch. This is a great matter, I will request all the special and chief guests, to give this school heart and soul for many years to come, to make this branch a success. Thank you very much, May Allah bless you all.

# বিশেষ অতিথির ভাষণ



লায়লা হাসান
নৃত্যশিল্পী, অভিনেত্রী

ধন্যবাদ, অভিনন্দন ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশকে দিতে চাই, কারণ বাংলার যে চর্চা, বাংলা সংস্কৃতির যে চর্চা, আমাদের আগামী প্রজন্মকে উদ্বুদ্ধ করার জন্য সত্যিই আমরা যারা কাজ করে যাচ্ছি, আমরা ভীষণ আপ্লুত এবং একটি অবাক বিষয়, যতগুলো স্কুলে আমাকে ডাকে সবগুলো কিন্তু ইংরেজি মাধ্যম অথবা ইংরেজি ভার্শন যেখানে এই চর্চাগুলো হয়। এটা একটা আশার ব্যাপার এবং সবগুলো বাংলা স্কুলে যদি এমন একটা বিষয় থাকতো যে শিক্ষক নিয়োগ দিয়ে বাংলা সংস্কৃতি শেখানো, যেটা একটু কম হয়। এজন্য আমি খুবই আনন্দিত, আমি এ নিয়ে ২ বার এলাম, খুব ভালো লাগে, স্কুল কর্তৃপক্ষ বিচারকদের প্রতি অনেক যত্নশীল। আমি একটু বলতে চাই, নাচের প্রতিযোগিতায় প্রতিযোগীকে যদি বিচারকরা সাথে সাথে ভুল ধরিয়ে দেন তাহলে প্রতিযোগীরা উপকৃত হবেন। সবাইকে অনেক ধন্যবাদ।



ড. রূপা চক্রবর্তী
সহযোগী অধ্যাপক
আধুনিক ভাষা ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

নমস্কার। ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ আয়োজিত অনলাইন বাংলা অলিম্পিয়াড কবিতা আবৃত্তির বিচারক হিসেবে থাকতে পেরে আমি সত্যি আনন্দিত। আন্তরিক ধন্যবাদ জানাই আয়োজক এবং সংশ্লিষ্ট শিক্ষকদের নিজের ঐতিহ্যের অঙ্গীকারে বেড়ে উঠতে হয় প্রজন্মকে। তাহলে তারা শিকড়বিচ্ছিন্ন হয়ে যায় না। পৃথিবীর ইতিহাস ও সংস্কৃতির পাশাপাশি নিজের ইতিহাস সংস্কৃতিকেও জানতে হয়। এই গভীর বোধ ও চিন্তা থেকে ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ প্রতিবছর জাতীয় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বাংলা অলিম্পিয়াড আন্তঃস্কুল সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করে। আন্তঃস্কুল হলো ইংলিশ মিডিয়ামের মধ্যে। বিচারকার্যটা নিরপেক্ষ রাখার তাগিদে অভ্যন্তরীন কাউকে না রেখে জাতীয় পর্যায়ের শিল্পীদের এ দায়িত্বটা অর্পণ করা হয়। করোনা ভাইরাসের জন্য আটকে পড়া সময়েও শিক্ষার্থীদের জন্য তাদের প্রাণের এই বাংলা অলিম্পিয়াড আয়োজনের জন্য স্কুল কর্তৃপক্ষ আমাদের সকলের আন্তরিকতার ভাজন হয়েছে।

এবারে এই প্রতিযোগিতার আসর ছিল একেবারে ভিন্ন রকম। অনলাইনে হওয়ার কারণে এর মেজাজ ছিল অনাস্বাদিত। অনলাইনের ক্লাস যেমন শ্রেণি কক্ষের ক্লাসের মতো হয় না। ঠিক তেমনি অনলাইনে প্রতিযোগিতায় ও কিছুটা সীমাবদ্ধতা থেকেই যায়। কেউ দাঁড়িয়ে আবৃত্তি করেছেন, কেউ বসে, কেউ সাউন্ড ঠিকঠাক এডজাস্ট করতে পেরেছেন, কেউ পারেন নি। কিন্তু সরাসরি যদি প্রতিযোগিতা হতো তাহলে বিচারকবৃন্দ সকলকে সমান সুযোগ করে দিতে পারতেন। তাদের মুখের সামনে মাইক্রোফোনটি ঠিক করে দিয়ে বা সে কোথায় দাঁড়ালে তাকে সুন্দর করে দেখা যাবে। সুন্দর করে তার আওয়াজটা মাইক্রোফোনে আসবে, এটা সরাসরি ঠিক করে দিয়ে তাদেরকে প্রতিযোগিতায় অংশ নিয়ে বলতে পারতেন।

যাই হোক, আমি এইটুকু শুধু বলব, অনেক প্রতিকূলতার মধ্যেও আমাদের এই শিক্ষার্থীরা অংশগ্রহণ করায় আমি তাদের অভিনন্দন জানাই। তাদের এই স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ আমাকে সত্যি মুগ্ধ করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণ করে শিক্ষার্থীরা বুঝিয়েছে তারা বাংলা ভাষা ও সংস্কৃতিকে ভালোবাসে। তাদের অভিভাবক এবং শিক্ষকদের অভিবাদন জানাই। এবারের অভিজ্ঞতাটা আমাদের সকলের জন্য একটা গভীর সঞ্চয় হয়ে থাকল। আশা করি, আগামী বছর এ প্রতিযোগিতায় আরও অনেকে যুক্ত হবেন আর প্রতিযোগিতা হবে সামনাসামনি। সেই সুদিনের অপেক্ষায় রইলাম আমরা সকল অভিভাবক, শিক্ষার্থী, শিক্ষকবৃন্দ ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশকে আন্তরিক ধন্যবাদ, আর কৃতজ্ঞতা জানাই।



IHSB

# Chairman's Message

**Abdilaziz Zholdoshov**
Chairman
International Hope School Bangldesh

It is a great pleasure to extend a very warm welcome to all of you on behalf of International Hope School Bangladesh. Your presence makes us very happy. First of all I want to thank our Honorable Guests and special guests to grace us with your presence here in this event. Next, I want to acknowledge the participants, coordinators, teachers and the judges for making this event possible. It's gratifying to look around and see so many familiar faces.
As we all know, today we are here to celebrate 9th Bangla Olympiad in our School which actually indicates the powerful existence of International Mother Language Day. International Mother Language Day is celebrated every year in February. The main purpose of celebrating this day is to promote the awareness of language and cultural diversity all across the world.

Like every landmark day of every other country, the day is also being observed in 192 other countries across the world as the International Mother Language Day declared by the UNESCO on November 17, 1999.

In tribune to all martyrs of 1952 every year International Hope School Bangladesh celebrates the international mother language day by organizing a Bangla Olympiad. This year 89 Schools, 124 branches and around 2000 students have participated in 9th inter school Bangla Olympiad. Students seem to have an innate desire to compare themselves with others in every way and such event is obviously beneficial to a child's development. Here for we strongly encourage all our students to participate in Bangla.
It surely is an immense pleasure to have all the principles, Coordinators, awardees and theirs parents in this event and make this event such a success. There is also an urgent need to promote awareness on linguistic and cultural diversity, and this is why, every year on February 21, the International Mother Language Day is observed worldwide. IHSB believes that, mother languages 'shape millions of developing young minds' and children learn best in their mother tongue, and that it is important that children should have this opportunity.

We strongly feel, students must know about the struggle and sacrifice of our people to establish Bangla language in 1952. This day Bangladesh is always fully alive, if solemnly so, commemorating them whole-heartedly.
Bangla Olympiad firmly promotes multilingualism, the background of International Mother Language Day and the sacrifice of Bangladeshi people in establishing mother tongue.
We are very pleased to inform that this year we have arranged another reward for students; from the participants of the 9th Bangla Olympiad, three of them will be selected by lottery and they will have the opportunity to attend the summer camp in New York organized by pioneer Academy at free of cost.

Thank you especially to the coordinators and our volunteers. The students and teachers have themselves helped us .Without the support of each of you, this great occasion would not have succeeded. Bangla Olympiad succeeds through your great efforts.
Lastly, I would like to thank the organizers for their unlimited efforts, and wish all of you further constructive events. Thank you all the participants for the outstanding performance in making our day significant and made us to realize the significance of the Mother language.

" Apnader Shobai kea amar aantorik dhonnobad Amader Shatey Thakar jonno"



B›Uvib¨vkj †nvc¨‹zj evsjv‡`k Gi

# অধ্যক্ষের ভাষণ

রোকসানা জারিন
অধ্যক্ষ
ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশ

"ভাষার তরে জীবন দিয়ে ৫২ তে ভাই গেল,
ভাই যাওয়াতে বাংলা ভাষা সত্যিকারের ঠাঁই পেল"
আমাদের মহান ভাষা ও ভাষাশহীদদের প্রতি সম্মান প্রদর্শন করে আমার বক্তব্য শুরু করছি।
আজকের অনুষ্ঠানের প্রধান অতিথি, বিশেষ অতিথিগণ, উপস্থিত সুধী ও সকল স্কুলের স্কুলপ্রধান, অভিভাবক, আমার প্রিয় সহকর্মী, সকলকে ৯ম আন্তঃস্কুল বাংলা অলিম্পিয়াডের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে স্বাগতম।

মাতৃভাষার প্রতি মমত্ববোধ, শ্রদ্ধা, দায়িত্ববোধ আমাদের উদ্বুদ্ধ করেছে আমাদের প্রাণের ভাষা, ঐতিহ্য, শিল্প-সংস্কৃতির জন্য বাংলা অলিম্পিয়াড এর মতো এমন একটি উদ্যোগ গ্রহণের। এক, দুই, তিন করে আজ আমরা নবম পুরস্কার বিতরণী অনুষ্ঠানে। এ পর্যন্ত আমরা কখনোই পৌঁছাতে পারতাম না সকলের স্বতঃস্ফূর্ত সহযোগিতা ছাড়া। আজকের অনুষ্ঠানের বিশেষ অতিথি ড. মুনাজ আহমেদ নূর, উপাচার্য বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ডিজিটাল বিশ্ববিদ্যালয়, নাট্যশিল্পী হাসান ইমাম এবং তাঁর স্ত্রী আমাদের অতি প্রিয় শ্রদ্ধেয়া লায়লা হাসান, দিলশাদ নাহার আজিজ, পেট্রন সোলজার্স ফ্যামিলি এসোসিয়েশন বাংলাদেশ আর্মি, আপনাদের অত্যন্ত ব্যস্ত সময়ের মধ্যেও আমাদের মাঝে এসেছেন, কৃতজ্ঞতা এবং অভিনন্দন আপনাদের জন্য। আমাদের প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিক ভাইদের বিশেষভাবে ধন্যবাদ জানাতে চাই বাংলা অলিম্পিয়াডের প্রচারে সহযোগিতা করার জন্য। আমাদের এত বড় আয়োজনের সঙ্গী সকল স্পন্সরদের অবদানগুলো কোনো অবস্থাতেই অস্বীকার করার নয়। আশা করি ভবিষ্যতেও মায়ের ভাষা বাংলাভাষাকে সর্বস্তরে প্রতিষ্ঠিত করার প্রয়াসে আপনাদের সহযোগিতা অব্যাহত থাকবে। সকল স্কুলপ্রধান, সকল স্কুল থেকে আগত সমন্বয়কদের ধন্যবাদ জানাতে চাই, এই অনুষ্ঠানগুলোকে সাফল্যমন্ডিত করার জন্য। আপনাদের আন্তরিকতাই আমাদের সফলতা।

সবশেষে আমি ধন্যবাদ দিতে চাই তাদের, যারা অক্লান্ত পরিশ্রম করেছেন রাতে দিনে, খেয়ে না খেয়ে, ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশের সেইসব কর্মীদের, যেমন সমন্বয়ক কামরুন আহসান স্যার, সহযোগী শামছিল আরিফিন, নুরবেগ বেপোয়েন্ড, পারভিন আফরোজ, নাজমুন নাহার, ফারজানা ডালিয়াসহ তাদের টিম, এবং আরও অনেকে, তাদেরকে অসংখ্য ধন্যবাদ। আমাদের অভিভাবক, দিকনির্দেশক, আমাদের অতি প্রিয় ইয়াসার সাভরান স্যার, যিনি সুদূর অস্ট্রেলিয়া থেকে এসে আমাদের সাথে পড়ে আছেন, এদেশের সবকিছু ভালোবেসে, স্যার আপনাকে ধন্যবাদ।

I wish to translate what I have just started for a very special person who left behind his home in Australia to help and guide us. it makes us truly proud to think that are worthy of such love.

পরিশেষে ইন্টারন্যাশনাল হোপ স্কুল বাংলাদেশের পক্ষ থেকে আবারো আপনাদের সকলকে আমি ধন্যবাদ দিতে চাই ।

ধন্যবাদ



# সমন্বয়কের ভাষণ

কামরুল আহসান
সমন্বয়ক, বাংলা অলিম্পিয়াড

আসসালামু আলাইকুম

